মেহেরপুরে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। শীতার্ত মানুষের পাশে থাকি মানবিক হৃদয় জাগ্রত রাখে এই শ্লোগানে মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সন্ধ্যায় পৌর শহরের ৮ নং ওয়ার্ড কলেজপাড়ায় মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ আয়োজন করা হয়েছে।

মেহেরপুর ডেভেলপমেন্ট ফোরাম এর সভাপতি আবু সাঈদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৯ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর সোহেল রানা ডলার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ডেভেলপমেন্ট ফোরামের সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, উপদেষ্টা রাশেদ ওসমান, উপদেষ্টা আব্দুল জব্বার, ৫ নং ওয়ার্ড কনভেনর গোলাম মোস্তফা,৭ নং ওয়ার্ড কনভেনার রবিউল ইসলাম সহ ডেভেল পমেন্ট ফোরামের সদস্যরা।

মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে মোঃ আমজাদ হোসেন সঞ্চালনায় এই সময় ৫০০ শত শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়ে।

চুয়াডাঙ্গা-মেহেরপুর বিএনপির ৩১ দফা বাস্তবায়নে দিনব্যাপী কর্মশালা

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপির নেতাকর্মীদের নিয়ে দিনব্যাপী জনসম্পৃক্তি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সকাল ১০টায় চুয়াডাঙ্গা শহরের শাহেদ গার্ডেনে বিএনপির কেন্দ্রীয় প্রশিক্ষণ বিষয়ক কমিটির উদ্যোগে এই কর্মশালা আয়োজন করা হয়।

কর্মশালার মূল বিষয় ছিল “আগামী রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা কর্মসূচি” নিয়ে আলোচনা ও প্রশিক্ষণ।

কর্মশালার সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু। প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যোগ দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

প্রধান অতিথি তারেক রহমান কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে দলের নেতাকর্মীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।

কর্মশালাটি পরিচালনা করেন বিএনপির সহ-গণশিক্ষা বিষয়ক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন। এতে আরও বক্তব্য রাখেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা ড. মাহদী আমিন, কেন্দ্রীয় ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক অ্যাড. নেওয়া হালিমা আরলী, স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক শাম্মী আক্তার, কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এড. কামরুল হাসান।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইনসু, সাবেক সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাওছার আলী, ছাত্রদলের মেহেরপুর জেলা শাখার সভাপতি আকিব জাভেদ সেনজি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপি এবং

অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

বক্তারা আশা প্রকাশ করেন যে, এ ধরনের কর্মশালা দলের জনগণের সঙ্গে সম্পর্ক আরও গভীর করবে এবং ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মেহেরপুরে কৃষক দিবস পালিত

এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়, কৃষক বান্ধব প্রযুক্তির সম্প্রসারণ এই হোক আমাদের অঙ্গীকার” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর কৃষি ও কৃষক অধিকার সংরক্ষণ পরিষদের আয়োজনে কৃষক দিবস ২০২৫ উদযাপন করা হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সকাল ১১টার দিকে মেহেরপুর কৃষি ও কৃষক অধিকার সংরক্ষণ পরিষদের আয়োজনে মেহেরপুর উপজেলা কৃষি অফিস থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি কলেজ মাঠে গিয়ে শেষ হয়।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ বিজয় কৃষ্ণ হালদারে সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. নোমান ফারুক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার মোঃমনিরুজ্জামান।

মেহেরপুর কৃষি ও কৃষক অধিকার সংরক্ষণ পরিষদের প্রচার সম্পাদক মোহাম্মদ জাহিদ হাসান সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি সাইদুর রহমান শাহিন, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, কোষাধ্যক্ষ রিমন শেখ, সাংগঠনিক সম্পাদক সুজন হোসেন, এবং সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

অনুষ্ঠানে কৃষকদের অংশগ্রহণে বিভিন্ন খেলাধুলা ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

[redacted]

[redacted]

পরিবর্তনের পর মেহেরপুরের পাশাপাশি ঢাকাতেও সাবেক মন্ত্রী ফরহাদ হোসেনের বিরুদ্ধে একাধিক মামলা হয়। গত বছরের ১৪ সেপ্টম্বর রাতে রাজধানীর ইস্কাটন এলাকা থেকে তাকে গ্রেপ্তার করেছিল র্যাব।

ফরহাদ হোসেন টানা তৃতীয়বারের মতো আওয়ামী লীগের দলীয় মনোনয়নে নির্বাচনে অংশ নেন ফরহাদ হোসেন। ফরহাদ হোসেন দ্বাদশ জাতীয় সংসদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বে ছিলেন। এর আগে তিনি এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ছিলেন। আর দশম জাতীয় সংসদ নির্বাচনে তিনি মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনের সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন।

ফরহাদ হোসেন ১৯৭২ সালের ৫ জুন মেহেরপুর জেলার মেহেরপুর সদর উপজেলার বোসপাড়া এলাকায় জন্মগ্রহণ করেন। তার বাবা ছহিউদ্দীন বিশ্বাস বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সংসদ সদস্য ছিলেন।

ফরহাদ হোসেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি। ২০১৪ সালে নৌকা প্রতীক নিয়ে মেহেরপুর-১ আসনে জয়লাভ করেন। পরে ২০১৮ সালে জয়লাভ করলে বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও তিনি আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে নির্বাচনে অংশ নিয়ে বিজয়ী হন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পান।

দিঘিরপাড়ায় শ্যামপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেমের উদ্যোগে হতদরিদ্রের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সন্ধ্যার পরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের দিঘিরপাড়া এলাকায় কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেম

উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন, শ্যামপুর ইউনিয়ন যুবদল নেতা কাবরান, যুবদল নেতা উজ্জল, দুই নম্বর ওয়ার্ড বিএনপির নেতা ইয়াকুব আলী, জলিল, ইদ্রিস, আজিজুল, সুরুজ, আরিফ, মেহেরপুর জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ, সহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে বক্তারা বলেন, আগামীতে দেশকে ঢেলে সাজাতে হবে এবং দলীয় নেতাকর্মীদের ঐক্যমতের মাধ্যমে দলকে সুসংগঠিত করতে হবে।

কাল মেহেরপুর আদালতে তোলা হবে ফরহাদকে, জেলা কারাগারে হস্তান্তর

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন দোদুলকে ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে মেহেরপুর জেলা কারাগারে হস্তান্তর করা হয়েছে। আগামীকাল বৃহস্পতিবার তাঁকে মেহেরপুর আদালতে হাজির করানো হবে।

বুধবার (২৯ জানুয়ারি) রাত ৮ টা ১০ মিনিটের সময় তাকে মেহেরপুর জেলা কারাগারে স্থানান্তর করা হয়। বৈষম্য বিরোধী ছাত্রদের দায়ের করা একটি মামলায় হাজিরার জন্য ফরহাদ হোসেনকে মেহেরপুর জেলা কারাগারে হস্তান্তর করা হয়েছে বলে নিশ্চিত করেছেন মেহেরপুরের কোর্ট ইন্সপেক্টর মানষ রঞ্জন দাস।



আগামীকল ৩০ জানুয়ারি মেহেরপুরে বৈষম্য বিরোধী ছাত্রদের দায়েরকৃত একটি জিআর মামলায় তাকে আদালতে হাজির করা হবে। মামলা নম্বর জিআর ২৭৭/২৪। ৫ আগস্ট
রাজনৈতিক পট পরিবর্তনের পর মেহেরপুর
জেলাতে এখন পর্যন্ত ফরহাদ হোসেন
দোদুলের বিরুদ্ধে মামলা দায়ের করা
হয়েছে। এছাড়াও ঢাকায় একাধিক মামলা
রয়েছে।

এর আগে গত বছরের ১৪ সেপ্টম্বর রাতে রাজধানীর ইস্কাটন এলাকা থেকে তাকে গ্রেপ্তার করেছিল র্যাব।

টানা তৃতীয়বারের মতো আওয়ামী লীগের দলীয় মনোনয়নে নির্বাচনে অংশ নেন ফরহাদ হোসেন। ফরহাদ হোসেন দ্বাদশ জাতীয় সংসদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বে ছিলেন। এর আগে তিনি এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ছিলেন। আর দশম জাতীয় সংসদ নির্বাচনে তিনি মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনের সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন।

ফরহাদ হোসেন ১৯৭২ সালের ৫ জুন মেহেরপুর জেলার মেহেরপুর সদর উপজেলার বোসপাড়া এলাকায় জন্মগ্রহণ করেন। তিনি মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি। ২০১৪ সালে নৌকা প্রতীক নিয়ে মেহেরপুর-১ আসনে জয়লাভ করেন। পরে ২০১৮ সালে জয়লাভ করলে বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও তিনি আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে নির্বাচনে অংশ নিয়ে বিজয়ী হন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পান।

[redacted]

[redacted]

মেহেরপুরে বিজয়ের উল্লাসে তারুণ্যের উচ্ছ্বাসে শীর্ষক আলোচনা সভা

”এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” শ্লোগানে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে মেহেরপুরে বিজয়ের উল্লাসে তারুণ্যের উচ্ছ্বাসে শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সাড়ে ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস আয়োজিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ্ আল মামুন।

জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগি অধ্যাপক খেজমত আলী মালিথা, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম আহ্বায়ক তামিম ইসলাম প্রমুখ।

জাকির হোসেন আবারও বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব

মেহেরপুরের সন্তান জাকির হোসেন সম্প্রতি বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব হিসেবে পুনরায় নির্বাচিত হয়েছেন। তিনি শিক্ষক কর্মচারী ঐক্যজোটের অতিরিক্ত মহাসচিব হিসেবেও দায়িত্ব পালন করছেন।

জাকির হোসেন শিক্ষকদের অধিকার ও কল্যাণে দীর্ঘদিন ধরে সক্রিয় ভূমিকা পালন করছেন। এছাড়াও তিনি ২০১৮ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি থেকে মেহেরপুর ১ আসনে মনোনয়ন পেয়েছিলেন।

গত শনিবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত জাতীয় শিক্ষক দিবস ও শিক্ষক সমাবেশের পরে অনুষ্ঠিত সম্মেলনে তাকে পুনরায় মহাসচিব হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

তবে, ২০২৩ সালের নভেম্বর মাসে রাজধানীর ধোলাইখাল এলাকায় নিজ বাসা থেকে সাদা পোশাকধারী পুলিশ তাকে আটক করে নিয়ে যায় বলে অভিযোগ উঠেছিল। শিক্ষক কর্মচারী ঐক্যজোটসহ বিভিন্ন সংগঠন তার মুক্তির দাবি জানিয়েছিল।

জাকির হোসেনের পুনর্নির্বাচন শিক্ষকদের মধ্যে তার প্রতি আস্থার প্রতিফলন। তিনি শিক্ষকদের পেশাগত উন্নয়ন ও অধিকার রক্ষায় তার প্রচেষ্টা অব্যাহত রাখবেন বলে আশা করা হচ্ছে।

গাংনীতে শরীরচর্চা ও স্বাস্থ্য সচেতনতা নিয়ে এ্যাডভোকেসি সভা

মেহেরপুরের গাংনীতে স্থানীয় জনগণকে শরীরচর্চায় উদ্বুদ্ধ করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করতে এ্যাডভোকেসি সভার আয়োজন করা হয়। মঙ্গলবার সকাল ১০টায় গাংনী পৌরসভা কার্যালয়ের সভাকক্ষে এ সভাটি অনুষ্ঠিত হয়।

সিটিজেন নেটওয়ার্কের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন গাংনীর উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক প্রীতম সাহা।

সভায় মউকের নির্বাহী প্রধান সভার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন। নারীদের মুক্তভাবে চলার গুরুত্ব এবং স্বাস্থ্য ও বিভিন্ন রোগ প্রতিরোধ নিয়ে বক্তব্য দেন গাংনী থানার অফিসার ইনচার্জ

বানী ইসরাইল।

এছাড়াও বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার মোঃ নাছির উদ্দীন, উপজেলা সমাজসেবা অফিসার আরশাদ আলী, উপজেলা যুব উন্নয়ন অফিসার মোঃ আসাদুজ্জামান এবং সহকারী প্রকৌশলী ও পৌর সচিব মোঃ শামীম রেজা।

সভায় জনপ্রতিনিধি, সাংবাদিক এবং যুবসমাজসহ বিভিন্ন পেশার প্রায় অর্ধশতাধিক মানুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী ফাহিমা আখতার।